# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একমাত্র সরকারি কোম্পানি)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.boesl.gov.bd

নং-৪৯.০২.০০০০.০০৬.০১.০০১.১৭-৭২৪ | তারিখ: ২৫.০৮.২০২২ খ্রি.

## দক্ষিণ কোরিয়ায় ইপিএস-এর আওতায় বাংলাদেশি কর্মী নিয়োগের লক্ষ্যে কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইন নিবন্ধন-২০২২ সংক্রান্ত নির্দেশিকা

ইপিএস-এর আওতায় দক্ষিণ কোরিয়ার শিল্পখাতে বাংলাদেশি প্রার্থীদের চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি) অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত তারিখ ও সময়ে নিবন্ধন সাইট eps.boesl.gov.bd অনলাইন নিবন্ধন সম্পন্ন করা যাবে।

**২। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা**

২.১। শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান;
২.২। বয়স সীমা ২৯-০৮-১৯৮২ থেকে ২৮-০৮-২০০৪ পর্যন্ত;
২.৩। পাসপোর্ট-এর মেয়াদ হালনাগাদ থাকা সাপেক্ষে;
২.৪। যার কালার ব্লাইন্ডনেস বা রঙ বোঝার সক্ষমতার সমস্যা নেই;
২.৫। কোরীয় ভাষা পড়া, লেখা ও বোঝার পারদর্শিতা থাকতে হবে;
২.৬। মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
২.৭। ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তি হয়নি;
২.৮। যারা দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থান করেনি ;
২.৯। যার উপর বিদেশ যাত্রায় কোন নিষেধাজ্ঞা নেই বা যেতে কোন সমস্যা নেই এবং
২.১০। যারা ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়াতে ৫ বছর বেশি থাকেনি।

**৩। কোরীয় ভাষা পারদর্শীদের প্রাথমিক ও চূড়ান্ত নিবন্ধন**

৩.১। কোরীয় ভাষা পরীক্ষা (ইউবিটি)'তে অংশগ্রহণের লক্ষ্যে কোরীয় ভাষা পারদর্শী এবং উপরে বর্ণিত যোগ্যতার শর্তাবলী পূরণকারী আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৮-০৮-২০২২ তারিখ সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত আগে আসলে আগে পাবেন (first come first served) ভিত্তিতে নির্ধারিত নিবন্ধন সাইটে চাহিত তথ্য পূরণ পূর্বক নিবন্ধন সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ে ১১০০০ জন প্রার্থী প্রাথমিক নিবন্ধন সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন সাইট বন্ধ হয়ে যাবে। তবে যদি একই সাথে (in parallel) একাধিক প্রার্থী শেষ ব্যক্তি হিসাবে আবেদন সম্পন্ন করেন, তবে তাদের সকলকেই প্রাথমিক নিবন্ধন এর সুযোগ দেয়া হবে। প্রাথমিক নিবন্ধন সুষ্ঠুভাবে সম্পন্ন করলে প্রার্থী একটি Submission ID পাবেন যার ফরম্যাট নিম্নরূপঃ 220000001। Submission ID এর শেষের ৫ ডিজিট দ্বারা প্রাথমিক নিবন্ধিত প্রার্থীর ক্রম বোঝা যাবে।

৩.২। প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের মধ্য হতে প্রথম ৯০০০ জন প্রার্থী (Submission ID 220000001 থেকে 220009000) চূড়ান্ত নিবন্ধনের লক্ষ্যে দুপুর ১২ ঘটিকার মধ্যে এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ফি ৩১০০/- (তিন হাজার একশ) টাকা+ অনলাইন ফি ৫০০/- (পাঁচশ) টাকা মোট ৩,৬০০/- (তিন হাজার ছয়শ) টাকা + বিকাশ কমিশন ৪১.৪০ (একচল্লিশ টাকা চল্লিশ পয়সা) অফেরতযোগ্য বিকাশ অ্যাপ-এর মাধ্যমে প্রদান সাপেক্ষে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করে কোরীয় ভাষা পরীক্ষার প্রবেশপত্র গ্রহণ করবেন। **শুধুমাত্র প্রথম ৯০০০ প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের জন্য প্রযোজ্যঃ** একজন প্রার্থী প্রাথমিক নিবন্ধন করার পর তার আবেদনটি কিছু প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবে। ফলে, প্রাথমিক নিবন্ধনের ৫-১০ মিনিট পর তিনি ফি প্রদান করতে পারবেন।

৩.৩। উপরে বর্ণিত সময়ের মধ্যে উল্লেখিত (ক্রমানুসারে প্রথম) ৯০০০ জন প্রার্থীর মধ্যে যদি কেউ চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন না করেন, তবে তার প্রাথমিক নিবন্ধন বাতিল হয়ে যাবে। এমতাবস্থায়, ৯০০০ জনের কোটা পূর্ণ করার লক্ষ্যে Submission ID এর পরবর্তী ক্রমানুসারে প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের চূড়ান্ত নিবন্ধনের জন্য নির্দিষ্ট সময় বেঁধে দিয়ে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবাহিকভাবে সুযোগ দেয়া হবে। এই ক্ষেত্রে পরবর্তী ক্রমানুসারে কারা সুযোগ পাবেন সেই তালিকা (Submission ID এর ক্রমানুসারে) এবং কতক্ষণের মধ্যে এই সুযোগ গ্রহণ করে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে তা বোয়েসেল-এর ফেইসবুক পেইজ- https://www.facebook.com/boesl.gov.bd এর মাধ্যমে জানা যাবে। অর্থাৎ প্রদত্ত নির্দিষ্ট সময়ের মধ্যে তালিকাভুক্ত একজন প্রাথমিক নিবন্ধিত প্রার্থী যদি চূড়ান্ত নিবন্ধন না করেন, তবে তার প্রাথমিক নিবন্ধন বাতিল হয়ে যাবে, এবং ক্রমানুসারে পরবর্তী প্রাথমিক নিবন্ধিত প্রার্থীকে সুযোগ দেয়া হবে

(পরবর্তী তালিকা ও সময় প্রকাশের মাধ্যমে)। সুতরাং প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের মধ্যে যারা প্রথম ৯০০০ জন প্রার্থীর বাইরে, তাদেরকে সার্বক্ষনিক বোয়েসেল-এর ফেইসবুক পেইজ ফলো করতে হবে। প্রাথমিক নিবন্ধিত সকল প্রার্থীকে তাদের submission ID সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৩.৪। নির্ধারিত সময়ে ৯০০০ জন প্রার্থী চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে চূড়ান্ত নিবন্ধন কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

৪। **পরীক্ষার তফসিল (কোরীয় ভাষা পারদর্শী ৯০০০ জন):**

| নিবন্ধনের তারিখ | পরীক্ষার তারিখ ঘোষণা | পরীক্ষার তারিখ | ফলাফল ঘোষণা |
|---|---|---|---|
| আগস্ট ২৮ | সেপ্টেম্বর ১৪ | সেপ্টেম্বর ২১~২৯ (প্রথম ধাপ-৩০০০ জন) | অক্টোবর ১৪ |
| | সেপ্টেম্বর ১৪ | অক্টোবর ১১~২৮ (দ্বিতীয় ধাপ-৬০০০ জন) | নভেম্বর ১৪ |

৫। **কোরীয় ভাষা অপারদর্শীদের প্রাথমিক নিবন্ধন (লটারি)**

৫.১। কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি)'তে অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণ আগামী ২৯ আগস্ট সকাল ১১টা হতে ৩১ আগস্ট ২০২২ খ্রি. তারিখ বিকাল ৫টা পর্যন্ত নির্ধারিত নিবন্ধন ফি ৫০০/- (পাঁচশ) টাকা (অফেরতযোগ্য) বিকাশ গেটওয়ের মাধ্যমে জমা করে Transaction ID গ্রহণ পূর্বক নির্ধারিত নিবন্ধন সাইটে চাহিত তথ্য পূরণ করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। অর্থাৎ, এ ক্ষেত্রে আগে নিবন্ধন ফি প্রদান করে তারপর সংশ্লিষ্ট Transaction ID ব্যবহার করে নিবন্ধন করতে হবে। প্রার্থীগণকে বিকাশের মাধ্যমে ফি প্রদানপূর্বক প্রাপ্ত Transaction ID সংরক্ষণ করতে হবে কারণ এটি ছাড়া নিবন্ধন করা যাবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর নিবন্ধন সাইট স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সেক্ষেত্রে ফি প্রদান করা থাকলেও আর নিবন্ধন করা যাবে না। প্রাথমিকভাবে উক্ত প্রার্থীদের কোরীয় ভাষা পরীক্ষা ২০২৩ সনের প্রথমে শুরু হবে। উল্লেখ্য যে, কোরীয় ভাষা পারদর্শীদের বিশেষ পদ্ধতিতে চূড়ান্তভাবে নিবন্ধিত (৯০০০) প্রার্থীগণ কোরীয় ভাষা অপারদর্শীদের প্রাথমিক নিবন্ধন (লটারি) পদ্ধতিতে নিবন্ধন না করার জন্য অনুরোধ করা হলো।

৫.২। যদি কোনো প্রার্থীর নির্ধারিত রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার পরও বিকাশ থেকে Transaction ID না পেয়ে থাকেন, তবে বিকাশ হটলাইন নম্বর ১৬২৪৭-এ যোগাযোগ করে Transaction ID নিশ্চিত হওয়ার সুযোগ রয়েছে।

৫.৩। নিবন্ধনকৃত প্রার্থীর সংখ্যা ১৫০০০ এর বেশি হলে এইচআরডি কোরিয়া কর্তৃক লটারির মাধ্যমে কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি)'তে অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থী নির্বাচন করা হবে।

৫.৪। লটারি সংক্রান্ত কার্যক্রম আগামী ৪ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখ সকাল ১১ ঘটিকায় বোয়েসেল কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে। আগ্রহী প্রার্থীগণ লটারির সময় উপস্থিত থাকতে পারবেন। লটারিতে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা বোয়েসেল এর ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে প্রচার করা হবে।

৫.৫। লটারিতে উত্তীর্ণ প্রার্থীদের এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ২৮ মার্কিন ডলার সমপরিমাণ অর্থ প্রদান পূর্বক কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে।

৫.৬। দক্ষিণ কোরিয়া সরকার কর্তৃক বার্ষিক কোটা ঘোষণার পর চূড়ান্ত নিবন্ধন সংক্রান্ত কার্যক্রমের নোটিশ বোয়েসেল এর ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে যথাসময়ে প্রচার করা হবে।

৬। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে তালিকা অন্তর্ভুক্ত কোনো প্রার্থী নিবন্ধন সম্পন্ন করতে ব্যর্থ হলে এ বছর আর নিবন্ধন করার সুযোগ থাকবে না। এক্ষেত্রে কোনো ধরণের সুপারিশ বা তদবির গ্রহণযোগ্য নয়।

৭। নিবন্ধনকালীন কোনো প্রার্থী সমস্যা/ জটিলতার সম্মুখীন হলে এ সংক্রান্ত গুগল ডকস ফর্ম https://forms.gle/DPihKbnugRUjAm2X8 এ চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে তাৎক্ষনিকভাবে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস বা ইমেইলে জানানো হবে।

৮। নিবন্ধন সংক্রান্ত বিষয়ে কোনো ব্যক্তি বা প্রাতিষ্ঠানের বিরুদ্ধে গ্রহণযোগ্য অভিযোগ থাকলে এ সংক্রান্ত গুগল ডকস ফর্ম https://forms.gle/BkNGTrrNzX7HHPit9 এ চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। **নিবন্ধন ও চাকরি সংক্রান্ত সতর্কতা**

- ইপিএস টপিকে নিবন্ধন ও উত্তীর্ণতা কেবলমাত্র জব অ্যাপ্লিকেশন করার যোগ্যতাকে নিশ্চিত করে, কোরিয়ায় চাকরির নিশ্চয়তা বহন করে না।
- অধিকন্তু যে সব ব্যক্তি মেডিক্যাল টেস্টে অনুত্তীর্ণ হবে এবং কোরিয়ায় অবৈধ থাকার অভিজ্ঞতা আছে অথবা ই-৯

নির্ণায়কে পড়ে না, তারা কোরিয়ায় চাকরি পাবে না।

- দক্ষিণ কোরিয়ায় প্রবেশের পর ড্রাগ/ সিফিলিস শনাক্ত হলে কোরিয়া থেকে ফেরত পাঠানো হয়।
- বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর সঙ্গে দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালর-এর মধ্যকার সমঝোতা চুক্তি অনুযায়ী একমাত্র বোয়েসেল বৈধভাবে দক্ষিণ কোরিয়ায় শ্রমিক প্রেরণ করতে পারবে। ইপিএস-টপিক'এ উত্তীর্ণ হওয়ার পর যাদের জব রোস্টার কোরিয়ান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে তাদের মধ্য থেকেই কোরিয়ান শিল্প মালিকরা শ্রমিক নিয়োগ দিতে পারবে। অন্য কোন জনশক্তি রফতানিকারী এজেন্ট বা ভাষাশিক্ষা প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটালে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- ইপিএস টপিক সিবিটি'র নিবন্ধন ও পরীক্ষার ফি'র পর কোরিয়ায় প্রবেশ পর্যন্ত যে ব্যয় হবে তা বৈধ প্রেরণ ব্যয় হিসেবে বোয়েসেল-এর হোম পেইজে প্রকাশিত থাকবে। সুতরাং কোরিয়ায় পাঠানোর নামে কোন প্রতিষ্ঠান বা ব্যাক্তির প্রতারণা থেকে সাবধান থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সাবধান করা হলো

**ব্যবস্থাপনায়:** শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কোরিয়া প্রজাতন্ত্র
**বাস্তবায়নে:** এইচ.আর.ডি-কোরিয়া, কোরিয়া প্রজাতন্ত্র
**সহযোগিতায়:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বোয়েসেল

**বোয়েসেল কর্তৃপক্ষ**

## কোরীয় ভাষা পারদর্শীদের বিশেষ পদ্ধতিতে প্রাথমিক নিবন্ধনের জন্য বিকাশ অ্যাপ-এর মাধ্যমে নিবন্ধন ফি প্রদানের পদ্ধতি। এক্ষেত্রে প্রাথমিক নিবন্ধন সম্পন্নের পর নিম্নবর্ণিত পদ্ধতিতে ফি প্রদান করে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে:

bKash

**বোয়েসেল (BOESL) পেমেন্ট বিকাশ কিভাবে করবেন?**

অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেনঃ

1. বিকাশ অ্যাপ থেকে **আরো দেখুন** ট্যাপ করে **এডুকেশন ফি** সিলেক্ট করুন
2. **ট্রেনিং** ট্যাপ করে **BOESL** সিলেক্ট করুন
3. আপনার সঠিক **সাবমিশন আইডি** দিন এবং পরবর্তী ধাপে যান
4. আপনার পেমেন্ট-এর তথ্য যাচাই করে পরবর্তী ধাপে যান
5. আপনার বিকাশ একাউন্টের পিন নাম্বার দিন
6. পেমেন্ট সম্পন্ন করতে স্ক্রিনের নিচের অংশ ট্যাপ করে ধরে রাখুন
7. পেমেন্ট দেয়া সম্পন্ন হলে কনফার্মেশন পাবেন
8. অ্যাপে দেখে নিতে পারেন পেমেন্টের ডিজিটাল রিসিট

*** পেমেন্টের জন্য ১.১৫% চার্জ প্রযোজ্য**

কোরীয় ভাষা অপারদর্শীদের প্রাথমিক নিবন্ধন (লটারি) পদ্ধতিতে বিকাশের মাধ্যমে নিবন্ধন ফি ৫০০/- টাকা প্রদানের পদ্ধতি। এক্ষেত্রে প্রথমে এই পদ্ধতিতে ফি প্রদান করে নিবন্ধন সাইটে বিকাশের Transaction ID দিয়ে প্রাথমিক নিবন্ধন করতে হবে:

bKash


**বোয়েসেল (BOESL)পেমেন্ট বিকাশ কিভাবে করবেন?**

অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেনঃ

1. বিকাশ অ্যাপ থেকে **আরো দেখুন** ট্যাপ করে **এডুকেশন ফি** সিলেক্ট করুন
2. **ট্রেনিং** ট্যাপ করে **BOESL** সিলেক্ট করুন
3. আপনার সঠিক **পাসপোর্ট নাম্বার** দিন এবং পরবর্তী ধাপে যান
4. আপনার পেমেন্ট-এর তথ্য যাচাই করে পরবর্তী ধাপে যান
5. আপনার বিকাশ একাউন্টের পিন নাম্বার দিন
6. পেমেন্ট সম্পন্ন করতে স্ক্রিনের নিচের অংশ ট্যাপ করে ধরে রাখুন
7. পেমেন্ট দেয়া সম্পন্ন হলে কনফার্মেশন পাবেন
8. অ্যাপে দেখে নিতে পারেন পেমেন্টের ডিজিটাল রিসিট

**কোরীয় ভাষা পরীক্ষায় পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে অনলাইন নিবন্ধনে যে ছবি ব্যবহার করা হয়, উক্ত ছবি দ্বারা এইচআরডি কোরিয়ার সার্ভারে চূড়ান্ত নিবন্ধন করা হয়। প্রার্থী কোরীয় ভাষা পরীক্ষায় উত্তীর্ণ হলে জব রোস্টার ও ভিসা প্রক্রিয়াতে উক্ত ছবি থেকে যায়। এইচআরডি কোরিয়া থেকে প্রাপ্ত কোন্ ছবি সঠিক এবং কোন্ ছবি বাতিল তা নিম্নে উল্লেখ করা হলো। উক্ত নিয়ম অনুসরণ না করে ছবি প্রদান করলে ভিসা প্রক্রিয়ার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হলে এর দায়ভার প্রার্থীর। ফলে সংশ্লিষ্ট সকলকে অনলাইন নিবন্ধনকালীন নিম্নবর্ণিত ফরমেট অনুযায়ী সঠিক ছবি প্রদানের পরামর্শ দেয়া হলো:**



<table>
<tr><th>চাহিত পাসপোর্ট কপির নমুনা</th><th>ছবির নমুনা</th></tr>
<tr><td>
</td><td></td></tr>
</table>

**নমুনা অনুযায়ী গ্রহণযোগ্য ছবি ও পাসপোর্ট তৈরির গাইডলাইন সংযুক্ত লিংক থেকে জানা যাবে।**


**অগ্রহণযোগ্য ছবির নমুনা**





**অগ্রহণযোগ্য পাসপোর্টের নমুনা**





# নিবন্ধন সংক্রান্ত স্ক্রিনশর্ট









eps.boesl.gov.bd says
আপনার বর্তমান, হালনাগাদ পাসপোর্টের ভিত্তিতে এই ফরমের যাবতীয় তথ্যাদি পূরণ করতে হবে। পাসপোর্ট নম্বর এবং পাসপোর্ট সংক্রান্ত তথ্যাদি অনলাইন আবেদন শেষে ইমিগ্রেশন এবং পাসপোর্ট অধিদপ্তরে সংরক্ষিত পাসপোর্ট ডাটাবেজের সাথে যাচাই করে নেয়া হবে। এই সংক্রান্ত কোনো ভুয়া তথ্য প্রদান করলে বিদ্যমান আইনানুযায়ী ব্যবস্থা নেয়া হবে। এই পেইজে বর্তমান, হালনাগাদ পাসপোর্টের পরিবর্তে কোনোভাবেই মেয়াদ উত্তীর্ণ পুরাতন পাসপোর্ট নম্বর প্রদান করা যাবে না।
সার্ভারের ঘড়ি অনুযায়ী আপনার আবেদন প্রক্রিয়া শুরু হওয়ার সময় হলোঃ
Saturday, 27 August 2022 4:12:31 PM Bangladesh Time
OK
Please
Passport No.
Name (as in Current, Valid Passport)
Gender
Male
Date of Birth
NID
Mobile No.


আপনার বর্তমান, হালনাগাদ পাসপোর্টের সাথে সংশ্লিষ্ট তথ্যাদি প্রদান করুন। Passport No. টি পরিবর্তন করা যাবে না।
Passport No.
AW1234567
Name (as in Current, Valid Passport)
Mohammad Rahman
Gender
Male
Date of Birth
23-08-2004
NID
1234567891
Mobile No.
01552123456
Email
sohel.kcl@gmail.com
Document Type
Alien Registration Card (if you have stayed in Korea)
Alien Registration Card (if you have stayed in Korea)
TOPIK Level Certificate (if you have stayed in Korea)
Korean Language Learning Center Certificate (otherwise)
Alien Registration Card No.
Passport Scanned Copy
Choose File No file chosen
Passport Size Photo
Choose File No file chosen
Industry Category
Manufacturing


Gender
Male
Date of Birth
23-08-2004
NID
1234567891
Mobile No.
01552123456
Email
sohel.kcl@gmail.com
Document Type
Korean Language Learning Center Certificate (otherwise)
Language Center Name
Own
Passport Scanned Copy
Choose File pass-test1.jpg
Passport Size Photo
Choose File photo-test.jpg
Industry Category
Manufacturing
Industry Sub-Category
Measures (পরিমাপণ)
Measures (পরিমাপণ)
Join (কাঠ সংযোজন)
Assemble (পার্টস সংযোজন)

Application submission is successful. Your **Submission ID is 220000019**.

আপনার আবেদন দাখিল সফল হয়েছে। আপনার **Submission ID হল 220000019**.

Please take a note of your Submission ID. You have to use this Submission ID i) to make exam fee payment through bKash and ii) to download your admit card after payment.

আপনার Submission ID টি ভাল করে সংরক্ষণ করুন। বিকাশের মাধ্যমে পরীক্ষা ফি প্রদান করার সময় এই Submission ID টি ইনপুট দিতে হবে। তাছাড়া পরীক্ষা ফি প্রদান করার পরে আপনার Admit Card ডাউনলোড করার জন্যেও এটি প্রয়োজন হবে।

| | |
|---|---|
| Passport No. : | AW1234567 |
| Name (as in Current, Valid Passport) : | Mohammad Rahman |
| Gender : | Male |
| Date of Birth : | 23-08-2004 |
| NID : | 1234567891 |
| Mobile No. : | 01552123456 |
| Email : | sohel.kcl@gmail.com |
| Language Center Name | Own |
| Industry Category : | Manufacturing |
| Industry Sub-Category : | Join (কাঠ সংযোজন) |

eps.boesl.gov.bd says

Application submission is successful. Your Submission ID is 220000019. Please take a note of your Submission ID. You have to use this Submission ID i) to make exam fee payment through bKash and ii) to download your admit card after payment.
আপনার আবেদন দাখিল সফল হয়েছে। আপনার Submission ID হল 220000019; এটি ভাল করে সংরক্ষণ করুন। বিকাশের মাধ্যমে পরীক্ষা ফি প্রদান করার সময় এই Submission ID টি ইনপুট দিতে হবে। তাছাড়া পরীক্ষা ফি প্রদান করার পরে আপনার Admit Card ডাউনলোড করার জন্যেও এটি প্রয়োজন হবে।

OK

**Special Registration (Download Admit Card)**

Please note that you must have paid the exam fee (through bKash) before you can download your admit card.

লক্ষ্য করুনঃ আপনার admit card টি ডাউনলোড করার পূর্বে কিন্তু আপনাকে আপনার প্রদেয় পরীক্ষা ফি (বিকাশের মাধ্যমে) পরিশোধ করে আসতে হবে।

Submission ID

Passport No.

rxxxg

Captcha

Submit